


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ  
বুড়িচং, কুমিল্লা।



স্মারক নং- ৫১.০১.১৯১৮.০০০.১৪.০৮৮.২১-১১৩

তারিখঃ ১৭/০৬/২০২১খ্রিঃ

বিষয়ঃ গ্রাণ কার্য (নগদ) অর্থ ইউনিয়ন ওয়ারী পুনঃ বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ জেলা প্রশাসক, কুমিল্লা কার্যালয়ের স্মারক নং-৫১.০১.১৯০০.০২৫.৪২.০০২.২০-৪১৭, তারিখ : ২৫ মে ২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ও দুঃস্থ পরিবারের সাহায্যার্থে এ উপজেলার প্রতি ইউনিয়নের অনুকূলে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হারে অত্র উপজেলায় সর্বমোট ২২,৫০,০০০/- (বাইশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দপ্রাপ্ত নগদ অর্থ নিম্নবর্ণিত ০৯টি ইউনিয়নের নামের পার্শ্বে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের অনুকূলে বর্ণিত শর্তাবলীর আলোকে পুনঃ বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক নং	ইউনিয়ন পরিষদের নাম	উপকারভোগীর সংখ্যা	গ্রাণ কার্য (নগদ) এর পরিমাণ (টাকা)	চেক নং
১.	রাজাপুর ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	৯৪২৭৮৭৮
২.	বাকশীমুল ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	৯৪২৭৮৭৯
৩.	বুড়িচং ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	৯৪২৭৮৮০
৪.	ঘোলনল ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	৯৪২৭৮৮১
৫.	পীরখাতাপুর ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	৯৪২৭৮৮২
৬.	ময়নামতি ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	৯৪২৭৮৮৩
৭.	মোকাম ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	৯৪২৭৮৮৪
৮.	ভারেল্লা (উঃ) ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	৯৪২৭৮৮৫
৯.	ভারেল্লা (দঃ) ইউপি	৫০০ জন	২,৫০,০০০/-	৯৪২৭৮৮৬
সর্বমোট =		৪,৫০০ জন	২২,৫০,০০০/- ( বাইশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা	

শর্তাবলী:

- ইউনিয়ন পরিষদ নির্বাচন, ২০২১ এ অংশগ্রহণকারী জনপ্রতিনিধিগণ কোন প্রকার উপবরাদ্দকৃত গ্রাণ কার্য (নগদ) অর্থ বিতরণ করতে পারবেন না;
- এ বরাদ্দকৃত গ্রাণ কার্য (নগদ) অর্থ কোভিড-১৯ এর পরিপ্রেক্ষিতে কর্মহীন, দুঃস্থ ও অসহায় লোকদের মাঝে মানবিক সহায়তা হিসেবে বিতরণ করতে হবে;
- ৩৩৩ নম্বরে ফোন করলে মানবিক সহায়তা পাওয়ার যোগ্য ব্যক্তিদেরকে এ বরাদ্দ থেকে খাদ্য সহায়তা (চাল, ডাল, লবণ, তৈল, আলু ইত্যাদি) প্রদান করতে হবে;
- এ বরাদ্দকৃত গ্রাণ কার্য (নগদ) অর্থ উপকারভোগী প্রতি ৫০০/- টাকা হারে বা সমপরিমাণ টাকার খাদ্য সামগ্রী ক্রয় পূর্বক বিতরণ করা যাবে;
- দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সরকারী অন্যান্য ভাতাভোগী এ সহায়তার অর্ন্তভুক্ত হবেন না;
- গ্রাণ কার্য (নগদ) অর্থ বিতরণে উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি এ নগদ-অর্থ/খাদ্য সহায়তা না পায়;
- মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণপূর্বক ইউনিয়ন মানবিক সহায়তা কমিটি কর্তৃক প্রকাশ্য সভার মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন ট্যাগ অফিসারের উপস্থিতিতে তালিকা প্রণয়ন করে (দুই) প্রস্থ তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারের কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে দাখিল করতে হবে এবং আগামী ০৭(সাত) দিনের মধ্যে গ্রাণ কার্য (নগদ) অর্থ/খাদ্য সামগ্রী বিতরণ সম্পন্ন করে গ্রাণ তদারকী কর্মকর্তার স্বাক্ষরসহ মাষ্টাররোল এ অফিসের দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে দাখিল করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান

.....ইউপি (সকল)

বুড়িচং, কুমিল্লা।

স্বাঃ-  
মোহাম্মদ সাবিনা ইয়াসমিন

উপজেলা নির্বাহী অফিসার

বুড়িচং, কুমিল্লা

ফোনঃ ০৮০২৯-৫৬১০০

unoburichangl@gmail.com

স্মারক নং- ৫১.০১.১৯১৮.০০০.১৪.০৮৮.২১-১১৩

তারিখঃ ১৭/০৬/২০২১খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

২। জেলা প্রশাসক, কুমিল্লা।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।

৪। জেলা গ্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুমিল্লা।

৫। উপজেলা ..... কর্মকর্তা ও ট্যাগ অফিসার, ..... ইউনিয়ন, বুড়িচং, কুমিল্লা।

৬। চেয়ারম্যান.....ইউপি(সকল), বুড়িচং, কুমিল্লা। তাকে পুনঃবরাদ্দকৃত গ্রাণ কার্য (নগদ) অর্থ উত্তোলন পূর্বক ইউপি কার্যালয়ে আগামী ০৭(সাত) দিনের মধ্যে ইউপি সদস্য ও ইউনিয়ন গ্রাণ তদারকী কর্মকর্তার উপস্থিতিতে অনুমোদিত তালিকা মোতাবেক প্রতি পরিবারকে ৫০০/- (পাঁচশত) টাকা হারে বা সমপরিমাণ টাকার গ্রাণ সামগ্রী ক্রয় পূর্বক মাষ্টাররোলের মাধ্যমে বিতরণের জন্য অনুরোধ করা হলো। গ্রাণ কার্য বিতরণের ০৩ (তিন) দিনের মধ্যে মাষ্টাররোল গ্রাণ তদারকী কর্মকর্তার স্বাক্ষরসহ এ অফিসের দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।